

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২৮১

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/১৪. অন্যান্য খাদ্যের উপর সারীদের প্রাধান্য

بَابِ فَضْلِ الثَّرِيدِ عَلَى الطَّعَام

আরবী

حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَنْبَأَنَا مُسْلِمُ بْنُ خَالِدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنُ وَهْبٍ، أَنْبَأَنَا مُسْلِمُ بْنُ خَالِدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بِن عَبْدِ الرَّحْمَنِ، أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكِ، يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم _ " فَضَلْ عَائِشَةَ عَلَى النِّسَاءِ كَفَضْل ِ الثَّرِيدِ عَلَى سَائِرِ الطَّعَامِ " .

বাংলা

২/৩২৮১। আনাস ইবনে মালেক (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নারী সমাজের উপর আয়েশার এমন মর্যাদা রয়েছে যেমন অন্যান্য সকল প্রকারের খাদ্যের উপর রয়েছে সারীদের প্রাধান্য।

English

It was narrated from 'Abdullah bin 'Abdur-Rahman that he heard Anas bin Malik say:

"The Messenger of Allah (ﷺ) said: 'The superiority of 'Aishah over other women is like the superiority of Tharid over all other foods.'"

ফুটনোট

সহীহুল বুখারী ৩৭৭০, মুসলিম ২৪৪৬, তিরমিয়ী ৩৮৮৭, আহমাদ ১২১৮৭, ১৩৩৭৪, দারেমী ২০৬৯, মুখতাসারুশ শামাইল ১৪৮, যইফাহ ৪০০২।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুসলিম বিন খালিদ সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিস বর্ণনায় কোন অসুবিধা নেই। আবু জা'ফার আল-উকায়লী, আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৯২৫, ২৭/৫০৮ নং পৃষ্ঠা)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন